43

দৈনিক সংবাদ

তারিখ 2 0 OCT 1996

পৃষ্ঠা . কলাম

# ঢাকা বোর্ডঃ ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষার ফল প্রকাশ

( নিজস্ব বার্তা পরিবেশক )

ঢাকা বোর্ডের অধীনে ১৯৯৬ সালের ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে। পরীক্ষায় পাসের শতকরা হার ৫১ দশমিক ৮৮। প্রথম বিভাগে পাস করেছে ৬শ' ৭০ জন পরীক্ষার্থী। দ্বিতীয় বিভাগে ১ হাজার ৪শ' ৫৭ এবং তৃতীয় বিভাগে ১১ জন পাশ করেছে। মোট পরীক্ষার্থী ছিল ৪ হাজার ১শ' ২১ জন।

পরীক্ষায় বাংলা সেক্রেটারিয়্যাল সায়েন্সে ৮শ' ৮১ নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছেন দিনাজপুর গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউটের মোঃ মশিউর রহমান (দিনাজপুর-১৭৩৩)। ইংরেজি সেক্রেটারিয়্যাল সায়েন্সে ৯শ' ৫৭ নম্বর পেয়ে ঢাকা গভঃ কমার্শিয়াল ইন-স্টিটিউটের মাহমুদুল হাসান (ঢাকা ১১৯১৩) প্রথম স্থান অধিকার করেছেন। ৯শ' ৯২ নম্বর পেয়ে একাউন্টিং-এ প্রথম স্থান অধিকার করেছেন যশোর গভঃ কমার্শিয়াল ইনস্টিটিউটের খন্দকার মুরাদুর রহমান (যশোর ১৩১১৭) এবং বহুভাষী সেক্রেটারিয়্যাল সায়েন্সে প্রথম স্থান অধিকার করেছেন ৮শ' ৯১ নম্বর পেয়ে দু'জন। এরা হচ্ছেন নটামস্, বগুড়ার মোঃ আবদুল আজিজ (৩৩৮) এবং মোঃ হাফিজুর রহমান (৩৩১)।